2523/15 NC 453/15 2-2467/15

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 815733 B 815733

Certified that the document is admitted to registration. The signature sheets and the endroesement sheets attached with the document are the past of this document.

District Sub-Registrar-II
Alipore, South 24 Parganas

19 MAR 2015

Moyna Bhandari

## দানপত্র দলিল

দানপত্র গ্রহীতা - শ্রী সুব্রত ভাণ্ডারী, পিতা মৃত সনৎ কুমার ভাণ্ডারী, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - ব্যবসা, সাং ৬০/৬, জ্যোতিষ রায় রোড, থানা - বেহালা, কোলকাতা - ৭০০০৫৩, জেলা - দক্ষিণ ২৪-পরগণা।

Sri Smt. ......Sucharita Bhandary
Address ....50/1B, Jyotish Roy Road
P. S. ...........Behala
Vendor..........Kol 53

Santosh Kr. Dey
ALIPUR POLICE COURT
Kolkata - 27

5000/-

- Maya Bhandari

1007

- Maya Bhandari

1008

- Subrata Bhandari

- Tushar Kanti Kar
Late Paresh Ch. Kar
25 Jyotish Ray Road
Kol 53
Serviced
I.P. Card No. WB/18/1193/129252

Sub-Registrar-II, Alipore, South 24 Parganas

District Sub-Registrar-II
Alipore, South 24 Parganas

4 - MAR 2015

*ertificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 4
Page from 4564 to 4576
being No 02467 for the year 2015.

Seal of the District Sub-Registrar II, South 24 Parganas

(Malay Chakraborty) 10-March-2015
DISTRICT SUB-REGISTRAR-II
Office of the D.S.R. -I I SOUTH 24-PARGANAS
West Bengal

দানপত্র দাত্রী - **শ্রীমতী মায়া ভাণ্ডারী,** স্বামী মৃত সনৎ কুমার ভাণ্ডারী, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা - গৃহস্থালী, সাং ৬০/৬ নং জ্যোতিষ রায় রোড, থানা - বেহালা, কোলকাতা - ৭০০০৫৩, জেলা - দক্ষিণ ২৪-পরগণা।

কস্য হাল রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের নিম্ন তপশীল বর্ণিত ২ কাঠা বাস্তু মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত ইটের দেওয়াল ও টালির ছাউনিযুক্ত কাঁচা গৃহাদি মায় সংলগ্ন দক্ষিণ দিগস্থ প্রশস্ত কমন প্যাসেজ দিয়া অবাধে চলাচলের স্বত্ব, বর্ত্ম স্বত্ব, লভ্য, দখল, অধিকার, দাবী দাওয়া, মায় সর্ব্বপ্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক-হকুক, সম্পত্তির নিঃসর্ত্ত দানপত্র দলিল মিদং কার্য্যাঞ্চাগেঃ-

জেলা দক্ষিণ ২৪-পরগণা, থানা - বেহালা, পূর্ব্বতন সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর অন্তর্গত জেঃ এলঃ নং ৯, রেঃ সাঃ নং ১৮০, মৌজা পুঞ্জ সাহাপুর গ্রামে রিভিসন্যাল সেটেলমেন্টের ১০৮৪ নং খতিয়ানের ৩৪৯/৬৪৩ নং দাগে ৪০ শতক মধ্যে ইংরাজী ১এ নং প্লটে চিহ্নিত মাপ সুরত কমবেশী ২ (দুই) কাঠা বাস্তু জমি বেহালা নিবাসী হরিদাস রায় দিগরের অধীনে জনৈক স্বর্গীয় নরসিং দাস চৌধুরী দখলকার প্রজা স্বরূপে স্বত্ববান ও ধান্য এবং মৎস্য চাষের দ্বারা দখলীকার থাকাবস্থায় গত রিভিসন্যাল সেটেলমেন্টে উপরোক্ত সমূহ সম্পত্তি উক্ত নরসিং দাস চৌধুরীর নাম বরাবর শুদ্ধ ভাবে রেকর্ড হইয়া চূড়ান্ত মতে প্রচারিত ও প্রকাশিত হয়। গত ইংরাজী ১৯৫৩ সালের জমিদারী উচ্ছেদ আইনানুসারে ঊর্দ্ধতন মালিকের স্বত্ব পশ্চিমবঙ্গ সরকারের ভেস্ট হয় এবং উক্ত নরসিং দাস চৌধুরী মহাশয় পশ্চিমবঙ্গ সরকারের অধীনে প্রজা স্বরূপে খাজনাদি আদায় দিয়া উক্ত সমস্ত সম্পত্তিতে খাসে স্বত্ববান ও দখলীকার থাকেন।

অতঃপর উক্ত নরসিং দাস চৌধুরী মহাশয় তাঁহার জীবদ্দশায় গত ইংরাজী ১৯৬৬ সালের ১লা মার্চ তারিখে তাঁহার যাবতীয় স্থাবর, অস্থাবর সম্পত্তি সম্বন্ধে এককেতা উইল সম্পাদন করেন। উক্ত উইলে তাহার পৌত্র শ্রী কৈলাস প্রসাদ চৌধুরী মহাশয়কে একমাত্র উত্তরাধিকার হিসাবে নির্দ্দিষ্ট করেন।

পরবর্ত্তীকালে উক্ত নরসিং দাস চৌধুরী মহাশয় পরলোক গমন করিলে পর উপরোক্ত উইলের প্রবেট আলিপুর ডিষ্ট্রিক্ট ডেলিগেট আদালত হইতে ১৯৬৬ সালের

অ্যাক্ট ৩৯ কেস ১২৮ নং মাধ্যমে ইংরাজী ২৫শে জুন ১৯৬৮ তারিখে প্রাপ্ত হইয়া সমূহ সম্পত্তির মালিক ও দখলদার হয়েন শ্রী কৈলাস চৌধুরী মহাশয়।

অতঃপর উক্ত শ্রী কৈলাস চৌধুরী মহাশয় উইল বলে প্রাপ্ত সমূহ সম্পত্তির মধ্যে কিছু সম্পত্তি বিভিন্ন ব্যক্তিকে বিক্রয় করেন। পরে তাঁহার একটি পঙ্গু পুত্র সন্তান কনফার্মিং পক্ষ জন্ম গ্রহণ করায় মিতাক্ষরা আইন অনুসারে উক্ত কনফার্মিং পক্ষ তাহার যাবতীয় সম্পত্তির অংশীদার হওয়ায় তাহার সহিত একখানি আপোষে চিহ্নিত বিভাগ বন্টন করিয়া উপরোক্ত সাহাপুর মৌজায় ১০৮৪ নং খতিয়ানের ৩৪৯।৬৪৩ নং দাগের ৪০ শতক সম্পত্তির মালিক হয়েন।

তৎপরে উপরোক্ত স্বত্বীয় দখলী জমির মধ্য দিয়া একটি কমন প্যাসেজ বহাল করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া তপশীলে বর্ণিত ইংরাজী ১এ নং প্লটে চিহ্নিত মাপ সুরত কমবেশী ২ (দুই) কাঠা বাস্তু জমি বিক্রয় করিবার ঘোষণা করিলে অত্র দানপত্র দাত্রী শ্রীমতী মায়া ভাণ্ডারী, স্বামী শ্রী সনৎ কুমার ভাণ্ডারী তৎকালীন বাজারোচিত পণ মূল্যে ১৯৮১ সালের ৯ই ডিসেম্বর তারিখে সম্পাদিত একখানি বাংলা সাফ কোবালা দলিল মূলে খরিদ করেন। উক্ত দলিল খানি ডিষ্ট্রিক্ট রেজিষ্ট্রার আলিপুর অফিসে ১৬.১২.১৯৮১ তারিখে রেজিষ্ট্রীকৃত হয়। যাহার বুক নং ১, দলিল নং ১৩৬২০, সন ১৯৮১।

এক্ষণে উক্ত রূপে খরিদা সম্পত্তিতে দানপত্র দাত্রী আমি খরিদতক খাসে, একক ষোল আনার মালিক স্বরূপে নিজ নাম তৎকালীন সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটিতে পত্তন করতঃ ও হাল কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১৭ নং ওয়ার্ডের অন্তর্গত প্রেমিসেস নং ২৯২, জ্যোতিষ রায় রোড বলিয়া চিহ্নিত সম্পত্তিতে যথাযথ খাজনাদি প্রদানে ভোগ দখল করিতে থাকাবস্থায় উক্ত জমিতে একখানি ১০০ বর্গফুট পরিমিত ইটের দেওয়াল টালির ছাউনিযুক্ত গৃহাদি নির্মাণ করি। দানপত্র গ্রহীতা তুমি আমার একমাত্র পুত্র সন্তান হইতেছো এবং আমার দুই কন্যা যথাক্রমে শ্রীমতী শ্বেতা চ্যাটার্জী, স্বামী কল্যাণ চ্যাটার্জী, শ্রীমতী শিল্পী আশ, স্বামী হীতেন্দ্র আশ হইতেছে। আমার উক্ত দুই কন্যাকে আমি যথোপযুক্ত যৌতুকাদি প্রদানে সৎ, সুউপায়ি ও উপযুক্ত পাত্রদের সহিত বিবাহ দিয়াছি। তাহারা তাহাদের স্বামী, পুত্র, কন্যাগণ লইয়া সুখে, শান্তিতে শ্বশুরালয়ে বসবাস করিতেছে। তাহাদের বসবাসের

নিমিত্ত তাহাদের শ্বশুরালয়ে যথেষ্ট সম্পত্তি রহিয়াছে। অত্র সম্পত্তিতে তাহাদের কোন প্রয়োজন হইবে না। দানপত্র গ্রহীতা তুমি আমার অতিশয় আদরের সন্তান হইতেছো। আমরা একান্নে বসবাস করিতেছি। তুমি আমাকে অতিশয় ভক্তি, শ্রদ্ধা কর ও ভালবাস। তুমি আমার সেবা, চিকিৎসার যাবতীয় দায় ভার গ্রহণ করিয়াছ। তোমার সেবা, যত্ন ও মাতৃভক্তি আমাকে আপ্লুত করিয়াছে। তুমি আমার প্রতি অতিশয় কর্তব্য পরায়ণ। সময়ে অসময়ে, বিপদে আপদে সর্ব্বদা আমার পাশে থাক। আমিও তোমাকে অতিশয় স্নেহ করি ও ভালবাসি। আমার স্নেহের নিদর্শন স্বরূপে আমার খরিদা নিম্ন তপশীল বর্ণিত ২ (দুই) কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত মোট ১০০ বর্গফুট পরিমিত ইটের দেওয়াল টালির ছাউনিযুক্ত গৃহাদি, মায় সাজপাট, আকর, আওলতাদি ও উক্ত সম্পত্তি সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যানবাহনাদি যোগে চলাচলের স্বত্ব, বর্ত্ম, স্বত্ব মায় যাবতীয় ইজমেন্ট পরিচালনার স্বত্বাদি সহ সম্পত্তি তোমাকে দান করিতে মনস্থ করিয়া তোমাকে জানাইলে এবং দানপত্র গ্রহীতা তুমি তাহা গ্রহণ করিতে রাজী থাকিয়া আমাকে জানাইলে আমি অদ্যকার তারিখে তোমার নাম বরাবর অত্র দানপত্র দলিল মূলে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তোমার অনুকূলে দান করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, ঘোষণা, প্রকাশ ও প্রচার করিতেছি যে,

উপরোক্ত ও নিম্ন তপশীল বর্ণিত চৌহদ্দিস্থিত ও সংলগ্ন নকশায় **লাল** রঙের বর্ডার দ্বারা বেষ্টিত চিহ্নিত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, লভ্য, দখল, অধিকার ছিল বা আছে, তৎ সমুদয় অদ্য হইতে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় তোমার উপর বর্ত্তিল। অদ্যকার তারিখ হইতে তুমি আমার স্বত্বে স্বত্ববান, ভোগবান, মালিক ও দখলিকার নিযুক্ত হইয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি তুমি দান, বিক্রয় ও সর্ব্বপ্রকার হস্তান্তর ও অবস্থান্তরকরণের রূপান্তরকরণের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ও ওয়ারিশানগণক্রমে পরম সুখে বসবাসাদির দ্বারা নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকো তাহাতে আমি মায় আমার অপর কোন ওয়ারিশানগণক্রমে কেহ কস্মিনকালেও কোন প্রকার ওজর আপত্তি, দাবী, দাওয়া করিতে পারিবে না বা পারিব না বা করিব না। যদি তদ্রূপ কেহ করি বা করে তাহা হইলে তাহা সর্ব্বত্র, সর্ব্বাদালতে বাতিল অগ্রাহ্য ও নামঞ্জুর গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহাকেও বিক্রয় করি নাই বা বিক্রয় করিবার জন্য কোনরূপ বায়না করি নাই বা কোনরূপ হস্তান্তর করি নাই বা কোন প্রকার দায়বদ্ধ করিয়া রাখি নাই। উহা কোন

আদালত কর্তৃক ক্রোক বা নিলামে বিক্রয় হয় নাই, উহা কোন পীরোত্তর বা ওয়াকফ্ ভুক্ত সম্পত্তি নহে। দানকৃত সম্পত্তি সরকার কর্তৃক কোনরূপ অ্যাকুইজিশান বা রিক্যুইজিশান হয় নাই বা উহাতে কোনপ্রকার প্রজা স্বত্ব নাই বা বর্গা বিলি করা নাই। উহা সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বর্তমান ও বিদ্যমান থাকাবস্থায় তোমাকে উহার দখল বুঝাইয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি হইতে আমরা চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে, যদি ভবিষ্যতে অত্র দলিলের বিবরণে কোন ভুল ভ্রান্তি পরিলক্ষিত হয় তাহা হইলে আমি সংশোধন বা ডিক্লারেশান পত্র দলিল সম্পাদন করিয়া তোমার ব্যয়ে তোমার অনুকূলে তাহা রেজিষ্ট্রী করিয়া দিব। এমনকি স্থানীয় হাল কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান অফিসে বা সরকার বাহাদুর সেরেস্তায় তোমার নাম পত্তন কালীন আমার কোনরূপ সাহায্যের প্রয়োজন হইলে তাহাও আমি তোমার খরচায় করিয়া দিব।

দানকৃত সম্পত্তির আনুমানিক মূল্য ———————— ২।— টাকা ধার্য্য করা হইল।

এতদর্থে স্বেচ্ছায়, সুস্থ শরীরে, স্বজ্ঞানে, সরলমনে অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায় অত্র দলিলের মর্ম সম্যক অবগত হইয়া নিম্নলিখিত স্বাক্ষীগণের সম্মুখে তোমার অনুকূলে এই দানপত্র দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম। ইতি ইংরাজী ২০১৫ সালের ৪ঠা মার্চ, মোতাবেক বাংলা ১৪২১ সালের ১৯শে ফাল্গুন।

## তপশীল দানকৃত সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিণ ২৪-পরগণা, থানা - বেহালা, পূর্ব্বতন সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর হাল কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন (সাউথ সুবারবন ইউনিট) এর ১১৭ নং ওয়ার্ড এর অন্তর্গত জেঃ এলঃ নং ৯, রেঃ সাঃ নং ১৮০, মৌজা পুঞ্জ সাহাপুর গ্রামে রিভিসন্যাল সেটেলমেন্টের ১০৮৪ নং খতিয়ানের ৩৪৯।৬৪৩ নং দাগে মাপ সুরত কমবেশী ২ (দুই) কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত ইটের দেওয়াল টালির ছাউনি যুক্ত গৃহাদি মায় সাজপাট, আকর, আওলতাদি দক্ষিণ দিগস্থ কমন প্যাসেজ দিয়া যানবাহনাদি যোগে অবাধ চলাচলের স্বত্ব, বর্ত্ম, স্বত্ব মায় যাবতীয় ইজমেন্ট পরিচালনার স্বত্বাদি সহ অত্র দানপত্র দলিলভুক্ত সম্পত্তি হইতেছে। দানকৃত সম্পত্তি কোলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের রেকর্ডে প্রেমিসেস নং ২৯২,

Manju Bhattacharya

জ্যোতিষ রায় রোড, কোলকাতা - ৭০০০৫৩ বলিয়া চিহ্নিত ও উহার অ্যাসেসী নং ৪১-১১৭-০৫-০৪৭৩-৬ হইতেছে। অত্র সহ সংলগ্ন নকশায় **লাল** রংয়ের রেখার দ্বারা বেষ্টিত ও চিহ্নিত ও প্রদর্শিত হইতেছে যাহা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

Maya Bhandari

## সমগ্র সম্পত্তির চৌহদ্দি -

উত্তরে - শ্রী সুব্রত ভাণ্ডারীর জমি,

পূর্ব্বে - প্রেমিসেস নং ১০০/৩, ১০০৩এ ও ৬০/৩বি, জ্যোতিষ রায় রোড.

দক্ষিণে - ২০ ফুট প্রশস্থ সাধারণের চলাচলের প্যাসেজ ও শ্রী সুব্রত ভাণ্ডারীর জমি।

পশ্চিমে- প্রেমিসেস নং ৩২৬ ও ২৯১ জ্যোতিষ রায় রোড।

মাতার স্নেহের দান সানন্দে গ্রহণ করিলাম।

Subrata Bhandari
দানপত্র গ্রহীতার স্বাক্ষর

Maya Bhandari
দানপত্র দাতার স্বাক্ষর

ইসাদী

(১) Debasish Roy
Late Chhatrapati Roy
55A, Anjuman Ara Bigum Row
Kolkata 700 033

(২) Amar Kumar Polley
Late Bamiram Polley
60/3, Jyotish Roy Road
Kolkata - 53

মুসাবিদাকারক

(signature)
অ্যাডভোকেট, (handwritten)
কোলকাতা হাইকোর্ট
কোলকাতা-৭০০০০১।

মুদ্রক

(signature)
ওঙ্কার
আলিপুর জজ কোর্ট
কোলকাতা - ৭০০০২৭।

**PLAN IN RESPECT OF A PIECE AND PARCEL OF LAND TOGETHER WITH TILED SHED STRUCTURE STANDING THEREON COMPRISED IN MOUZA : PUNJA SAHAPUR GRAM, J.L. NO. 9, R.S. NO. 180, R.S. KHATIAN NO. 1084, R.S. DAG NO. 349/643, LYING, SITUATE AT AND BEING MUNICIPAL PREMISES NO. 292, JYOTISH ROY ROAD, POLICE STATION : BEHALA, KOLKATA : 700053, WITHIN THE LIMITS OF THE KOLKATA MUNICIPAL CORPORATION, IN ITS WARD NO. 117, DISTRICT : 24-PARGANAS (SOUTH)**


**AREA OF LAND : 2 COTTAHS (MORE OR LESS)**
**TOGETHER WITH RTS MEASURING AN AREA OF 100 SQUARE FEET (MORE OR LESS)**
**(SHOWN IN "RED" COLOUR BORDER)**

**NAME OF THE DONOR : SMT. MAYA BHANDARI**

**NAME OF THE DONEE : SRI SUBRATA BHANDARI**

**SCALE : 1 INCH = 20 FEET**




Maya Bhandari

**DONOR**

**I ACCEPT THE GIFT GLADLY**

Subrata Bhandari

**DONEE**

*Traced by :*

Ujjal Kr Chatterjee

*Ujjal Kumar Chatterjee,*
**Alipore Judges' Court,**
**Kolkata : 700027.**

## Government Of West Bengal

**Office Of the D.S.R. -I I SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

### Endorsement For Deed Number : I - 02467 of 2015
### (Serial No. 02523 of 2015 and Query No. 1602L000005187 of 2015)

**On 04/03/2015**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 18.50 hrs on :04/03/2015, at the Private residence by Maya Bhandari ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 04/03/2015 by

1. Maya Bhandari, wife of Lt. Sanat Kumar Bhandari , 60/6, Jyotish Roy Road, Thana:-Behala, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700053, By Caste Hindu, By Profession : House wife
2. Subrata Bhandari, son of Lt. Sanat Kumar Bhandari , 60/6, Jyotish Roy Road, Thana:-Behala, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700053, By Caste Hindu, By Profession : Business

Identified By Tushar Kanti Kar, son of Lt. Paresh Ch Kar, 25, Jyotish Roy Road, Thana:-Behala, District:-South 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700053, By Caste: Hindu, By Profession: Others.

( Malay Chakraborty )
DISTRICT SUB-REGISTRAR-II

**On 09/03/2015**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i), 5 of Indian Stamp Act 1899.

**Payment of Fees:**

Amount by Draft

1. Rs. 47885/- is paid , by the draft number 612588, Draft Date 24/02/2015, Bank Name State Bank of India, NEW ALIPORE, received on 09/03/2015
2. Rs. 5280/- is paid , by the draft number 612734, Draft Date 04/03/2015, Bank Name State Bank of India, NEW ALIPORE, received on 09/03/2015

( Under Article : A(1) = 53119/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 09/03/2015 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-48,30,000/-

**( Malay Chakraborty )**
**DISTRICT SUB-REGISTRAR-II**

## Government Of West Bengal

**Office Of the D.S.R. -I I SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

### Endorsement For Deed Number : I - 02467 of 2015
### (Serial No. 02523 of 2015 and Query No. 1602L000005187 of 2015)

Certified that the required stamp duty of this document is Rs.- 24170 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 16770/- is paid , by the draft number 612602, Draft Date 25/02/2015, Bank : State Bank of India, NEW ALIPORE, received on 09/03/2015
2. Rs. 2400/- is paid , by the draft number 612735, Draft Date 04/03/2015, Bank : State Bank of India, NEW ALIPORE, received on 09/03/2015

( Malay Chakraborty )
DISTRICT SUB-REGISTRAR-II

District Sub-Registrar-II, Alipore, South 24-Parganas

( Malay Chakraborty )
DISTRICT SUB-REGISTRAR-II

## SPECIMEN FORM FO[illegible]EN FINGERPRINTS

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
|  Maya Bhandari | Maya Bhandari | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
|  Subrata | Subrata Bhandari | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
| PHOTO | | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
| PHOTO | | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |



District Sub-Registrar-II
Alipore, South 24 Parganas

4 - MAR 2015